



বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

১২ তলা, ২য় সফলগ্নী ভবন
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বিএফআইইউ সার্কুলার লেটার নং-১

তারিখঃ ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিল প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গত ১৬ জুন ২০২০ তারিখে জারিকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর- ২৬ এর ৬ (ছয়) নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী কোনো একটি হিসাবে কোনো একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে ১০ (দশ) লক্ষ টাকা বা তদুর্ধ্ব অর্থের বা সমমূল্যের বৈদেশিক মুদ্রার জমা বা উত্তোলনের (অনলাইন, এটিএমসহ যে কোনো ধরনের নগদ জমা বা উত্তোলন) ক্ষেত্রে বিএফআইইউ বরাবর নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

০২। এক্ষেপে, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নগদ লেনদেন রিপোর্ট সাপ্তাহিক ভিত্তিতে (প্রতি সপ্তাহের রিপোর্ট পরবর্তী সপ্তাহের ৩(তিন) কার্যদিবসের মধ্যে) দাখিল করার নির্দেশনা প্রদান করা হলো।

০৩। এ নির্দেশনা ১১ জানুয়ারি ২০২৬ তারিখ হতে কার্যকর হবে। এতদ্ব্যতীত, ১-১০ জানুয়ারি ২০২৬ মেয়াদের CTR আগামী ১৩ জানুয়ারি ২০২৬ এর মধ্যে দাখিল করতে হবে।

০৪। নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলের বিষয়ে বিএফআইইউ সার্কুলার নম্বর-২৬, তারিখ: ১৬ জুন ২০২০ এর অন্যান্য নির্দেশনা বলবৎ থাকবে।

০৫। এ প্রসঙ্গে আরো জানানো যাচ্ছে যে, যথাসময়ে CTR দাখিলে ব্যর্থতা অথবা ভুল, অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য বা বিবরণী সরবরাহ অথবা এতদসংক্রান্ত নির্দেশনা লঙ্ঘনের ক্ষেত্রে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩ ধারার বিধান অনুযায়ী ব্যবস্থা গৃহীত হতে পারে।

০৬। মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(এ, কে, এম, গোলাম মাহমুদ)
পরিচালক (বিএফআইইউ)
ফোন : ৯৫৩০১৭০